স্কুল চয়েসের নির্দেশিকা

আবেদনকারীদের পিতামাতাদেরকে তথ্যের জন্য এই ডকুমেন্টটি পড়ার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে এবং যদি কোনো প্রশ্ন থাকে তাহলে স্কুল চয়েস অফিসে যোগাযোগ করুন।

আবেদন প্রক্রিয়া

আবেদন অবশ্যই অনলাইনে জমা দিতে হবে এবং প্রতি বছর ওপেন এনরোলমেন্টের শেষ দিনের বিকাল 4:00 এর মধ্যে স্কুল চয়েস অফিস পেলে তবেই তা গ্রাহ্য হবে। সমস্ত আবেদনকারীদের অবশ্যই পুরো প্রক্রিয়া জুড়ে DeKalb County School District-এ থাকতে হবে। প্রত্যেক আবেদনকারীর লটারিতে প্রবেশ বিবেচনা করার জন্য তারা যে প্রোগ্রামের জন্য আবেদন করেছে তার যোগ্যতার মানদণ্ড অবশ্যই পূরণ করতে হবে। যোগ্যতার মানদণ্ড আমাদের ওয়েবসাইটে প্রোগ্রাম ট্যাবে হয়েছে। যে সকল আবেদনকারীরা আগে আবেদন করেছিলেন কিন্তু স্কুল চয়েস প্রোগ্রামে গৃহীত হয়নি তাদেরকে অবশ্যই পুনরায় আবেদন করতে হবে। **দ্রষ্টব্য:** সময়মত বিবেচনা করার জন্য, আবেদনকারীকে অবশ্যই প্রতি বছর ওপেন এনরোলমেন্টের শেষ দিনের বিকাল 4:00 এর মধ্যে সমস্ত সহায়ক ডকুমেন্ট জমা দিতে হবে।

দেরিতে আবেদন করা

প্রতি বছর ওপেন এনরোলমেন্টের শেষ দিনে বিকাল 4:01 এর পরে জমা দেওয়া যেকোনো আবেদন "লেট" স্ট্যাম্প লাগানো হবে এবং প্রাথমিক লটারির পরে সমস্ত ওয়েটিং লিস্ট শেষ হওয়ার পর সিট খালি থাকলে তবেই প্রক্রিয়া করা হবে।

লটারি পলিসি

যেকোনো স্কুল চয়েস প্রোগ্রামের আবেদনের সংখ্যা খোলা আসনের সম্ভাব্য সংখ্যার চেয়ে বেশি হলে DCSD লটারি পরিচালনা করবে। স্কুল চয়েস লটারির তারিখের জন্য http://www.dekalbschoolsga.org/school-choice -এ DeKalb County School District ওয়েবসাইট দেখুন।

সমস্ত লটারি এলোমেলো নির্বাচনের জন্য একটি সফ্টওয়্যার প্রোগ্রাম ব্যবহার করে অনলাইনে পরিচালিত হয়। আবেদনকারীদের সংখ্যা উপলভ্য আসনের বেশি হলে একটি ওয়েটিং লিস্ট তৈরি করা হয়।

দ্রষ্টব্য: Kittredge এবং Wadsworth লটারিতে প্রতি মিডল স্কুলে আবেদনকারীদের একটি পুল রয়েছে। প্রতি স্কুলে তিনজন আবেদনকারীকে বেছে নেওয়ার জন্য প্রাথমিক লটারি করা হয়। প্রাথমিক লটারির পরে একটি ওয়েটিং লিস্ট তৈরি করা হয় এবং ওয়েটিং লিস্টের নম্বর অনুযায়ী আসন বরাদ্দ করা হয়। যখন আসনগুলো উপলভ্য হয়, তখন ওয়েটিং লিস্টের ক্রমের উপর ভিত্তি করে সিট প্লেসমেন্ট অফার তৈরি করা হয়।

বয়সের প্রয়োজনীয়তা

প্রথম গ্রেডের মাধ্যমে প্রিস্কুলের জন্য আবেদনকারীদের অবশ্যই জর্জিয়ার প্রবেশের বয়স পূরণ করতে হবে। আবেদনকারীকে বর্তমান স্কুল শিক্ষাবর্ষের **1 সেপ্টেম্বরের** মধ্যে বয়সযোগ্য হতে হবে।

উপস্থিতি/আচরণ

যেকোনো স্কুল চয়েস প্রোগ্রামে ভর্তি হওয়া শিক্ষার্থীদের অবশ্যই DCSD-তে এবং শিক্ষার্থীর আচরণবিধিতে উল্লিখিত স্থানীয় স্কুলে উপস্থিতি এবং আচরণ নীতি ও নির্দেশিকা মেনে চলতে হবে।

- ☐ আচরণ লঙ্ঘন - কমপক্ষে তিনটি (3) স্তর 3 বা উচ্চতর শাস্তিমূলক লঙ্ঘন সহ শিক্ষার্থীদের নির্বাচিত প্রোগ্রাম থেকে বের করা হতে পারে।
- ☐ যদি লঙ্ঘন স্তর 4 বা তার উপরে হয়, তাহলে প্রথম লঙ্ঘনের জন্য শিক্ষার্থীকে অবিলম্বে বরখাস্ত করা হতে পারে।
- ☐ উপস্থিতি - কমপক্ষে পাঁচটি (5) উপযুক্ত কারণ ছাড়া অনুপস্থিতি বা কমপক্ষে ছয়টি (6) উপযুক্ত কারণ ছাড়া বিলম্ব সহ শিক্ষার্থীদের নির্বাচিত প্রোগ্রাম থেকে বের করা হতে পারে।

স্কুল চয়েসের নির্বাচন

যদি ইচ্ছা হয়, তাহলে আবেদনকারীরা যতগুলো প্রোগ্রামের জন্য যোগ্য ততগুলোর জন্য আবেদন করতে পারে এবং প্রতিটি প্রোগ্রামের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পছন্দের স্কুল বেছে নিতে পারে। **কোনো আসন গ্রহণ করা হলে, অন্যান্য সমস্ত নির্বাচন এবং ওয়েটিং লিস্টের প্লেসমেন্টগুলো সরানো হবে।**

লটারি পুল

প্রাথমিক লটারিতে শুধুমাত্র 1ম চয়েস ধরা হয়। প্রতিটি প্রোগ্রাম/বিভাগের প্রথম পছন্দের নির্বাচন প্রাথমিক লটারিতে গণ্য করা হয়। প্রথম পছন্দের লটারি শেষ করার পরে যদি স্কুলে অতিরিক্ত আসন থাকে, তাহলে 2য় বা 3য় পছন্দের জন্য লটারি পরিচালিত হবে।

যে সকল প্রোগ্রামে গ্রেড 4 - 9 যোগ্যতার জন্য স্বীকৃত পরীক্ষার স্কোর প্রয়োজন

Wadsworth, Kittredge, Chapel Hill Middle, Chamblee Middle, Southwest DeKalb, এবং Chamblee High-এ হাই অ্যাচিভার ম্যাগনেট প্রোগ্রামগুলোর জন্য যোগ্যতার প্রয়োজনীয়তার পূরণ করতে যোগ্য স্বীকৃত M.A.P. পরীক্ষার স্কোর। (অন্যান্য যোগ্যতার মানদণ্ডের জন্য হাই অ্যাচিভার ম্যাগনেট প্রোগ্রামের বিবরণ পর্যালোচনা করুন।)

2016-17 থেকে, DeKalb County School District (DCSD) নর্থওয়েস্ট ইভালুয়েশন অ্যাসোসিয়েশন (Northwest Evaluation Association, NWEA) মেজারস অফ একাডেমিক প্রগ্রেস (Measures of Academic Progress, M.A.P.) ব্যবহার করবে। এই মূল্যায়নের মাধ্যমে হাই অ্যাচিভারস ম্যাগনেট প্রোগ্রাম লটারিতে 4-10 গ্রেডের আসনের জন্য আবেদনকারীদের যোগ্যতা নির্ধারণ করা হয়। আইওয়া টেস্ট অফ বেসিক স্কিলস (Iowa Test of Basic Skills, ITBS) এর বদলে M.A.P.।

মেজারস অফ একাডেমিক প্রগ্রেস (M.A.P.) হলো অনলাইনে পরিচালিত একটি পরীক্ষা। DeKalb-এর আবাসিক শিক্ষার্থীদের যারা Reading R.T (রিডিং টোটাল) এবং M.A.P মূল্যায়নে Math MT-এ (গণিত মোট) 5% তার বেশি স্কোর করেছে এবং চারটি মূল বিষয়ে G.P.A 3.0 বা এর বেশি হলে লটারিতে প্রবেশের যোগ্য হবে।

ভর্তি হওয়া সকল DCSD K-12 শিক্ষার্থীরা M.A.P পরীক্ষা দেবে আগস্ট-সেপ্টেম্বরে। DCSD স্কুল চয়েস বিভাগ প্রাইভেট এবং হোমস্কুল শিক্ষার্থীদের চলতি বছরের শরতের সময় একবার পরীক্ষা দেওয়ার সুযোগ দেয়। প্রাইভেট এবং হোমস্কুল শিক্ষার্থীদের পরীক্ষার তারিখ প্রতি বছর অক্টোবর থেকে নভেম্বরের মধ্যে হবে। প্রাইভেট এবং হোমস্কুল শিক্ষার্থীদের জন্য ম্যাগনেট যোগ্যতা পরীক্ষার সেশন সংক্রান্ত তথ্য স্কুল চয়েস ওয়েবসাইট http://www.dekalbschoolsga.org/school-choice/-এ পাওয়া যাবে।

DCSD M.A.P. পরিচালনা করে। বর্তমানে ভর্তি হওয়া DCSD শিক্ষার্থীদের বছরে তিনবার মূল্যায়ন করা হয়। DCSD ম্যাগনেট প্রোগ্রাম বেসলাইন পরীক্ষার স্কোর গ্রহণ করে। **দ্রষ্টব্য:** বেসলাইন পরীক্ষা তখন নেওয়া হয় যখন কোনো শিক্ষার্থী প্রতিটি স্কুল বছরে প্রথমবারের মতো M.A.P মূল্যায়নে অংশ নেয়। যদিও M.A.P. পারসেন্টাইল স্কোর দুই বছরের জন্য বৈধ, যদি হাই অ্যাচিভারস ম্যাগনেট প্রোগ্রাম সিট প্লেসমেন্ট অফারের

জন্য আবেদন করে, শুধুমাত্র তখন বেসলাইন টেস্ট স্কোর ম্যাগনেট প্রোগ্রাম লটারিতে প্রবেশের যোগ্যতা নির্ধারণ করে।

আবেদনকারীদের অবশ্যই প্রতি বছর ওপেন এনরোলমেন্টের শেষ দিনের মধ্যে স্বীকৃত পরীক্ষার স্কোর জমা দিতে হবে। DeKalb County School District স্কুল বা স্কুল চয়েস অফিস দ্বারা আয়োজিত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অনলাইন আবেদনের সাথে পরীক্ষার স্কোর আপলোড করতে হবে না। প্রাইভেট এবং হোমস্কুলড আবেদনকারীদের অবশ্যই চলতি স্কুল শিক্ষাবর্ষের জন্য নেওয়া প্রথম M.A.P পরীক্ষার স্কোর আপলোড করতে হবে (চলতি স্কুল বছরের বেসলাইন M.A.P পরীক্ষা)।

ধারাবাহিকতার নির্দেশিকা

যেকোনো স্কুল চয়েস প্রোগ্রামে ভর্তি হওয়া শিক্ষার্থীদের অবশ্যই DCSD এবং স্থানীয় স্কুলের নিয়ম ও নির্দেশিকা মেনে চলতে হবে।

1. প্রতিদিন স্কুলে যেতে হবে এবং নির্দিষ্ট সময়ে স্কুলে যেতে হবে। কমপক্ষে পাঁচটি (5) উপযুক্ত কারণ ছাড়া অনুপস্থিতি বা কমপক্ষে ছয়টি (6) উপযুক্ত কারণ ছাড়া দেরির জন্য শিক্ষার্থীদের নির্বাচিত প্রোগ্রাম থেকে বের করা হতে পারে।
2. অত্যধিক অনুপস্থিত থাকা এড়াতে হবে।
3. শিক্ষার্থীর সামর্থ্য অনুযায়ী স্কুলের সব কাজ সম্পূর্ণ করার চেষ্টা করতে হবে।
4. বর্তমান স্কুল শিক্ষাবর্ষের জন্য শিক্ষার্থীর হ্যান্ডবুক/আচরণবিধির নির্দেশ মতো স্কুলে যথাযথভাবে আচরণ করতে হবে। কমপক্ষে স্তর 3 বা এর বেশি শাস্তিমূলক লঙঘন হলে শিক্ষার্থীদের নির্বাচিত প্রোগ্রাম থেকে বের করা হতে পারে। যদি লঙঘন স্তর 4 বা তার উপরে হয়, তাহলে প্রথম লঙঘনের জন্য শিক্ষার্থীকে বরখাস্ত করা হতে পারে। *বরখাস্ত করা হলে, শিক্ষার্থীকে অবশ্যই তাদের বাড়ির কাছাকাছি স্কুলে ভর্তি করতে হবে।*
5. স্পেশাল ইন্টারেস্ট ম্যাগনেট, হাই অ্যাচিভারস ম্যাগনেট এবং ইন্টারন্যাশনাল ব্যাকালোরেট হাই স্কুল প্রোগ্রাম সহ একাডেমিকভাবে যোগ্য প্রোগ্রামের জন্য প্রয়োজনীয় G.P.A বজায় রাখতে হবে।
6. স্কুল বা স্কুল চয়েস অফিসের নির্দেশিত প্রবেশনারি সময় সফলভাবে শেষ করতে হবে।
7. থিম, ম্যাগনেট, এবং I.B প্রোগ্রামের জন্য বাধ্যতামূলক অভিভাবক এবং কমিউনিটি সার্ভিসের সময় সম্পূর্ণ করতে হবে।
8. স্কুলের শেষে বা স্কুলের কোনো অনুমোদিত কার্যকলাপের অংশ নিলে সেটি শেষ হওয়ার পরে সত্ত্বর স্কুলের ক্যাম্পাস ছেড়ে যেতে হবে।

পরিবহন

সবথেকে সাম্প্রতিকতম DeKalb County পরিবহন নীতি স্কুল চয়েস প্রোগ্রামের জন্য অনুসরণ করা হবে। স্কুল শিক্ষাবর্ষ চলাকালীন, শিক্ষার্থীদের যারা থিম স্কুল, ম্যাগনেট প্রোগ্রাম, আরাবিয়া মাউন্টেন স্কুল ক্যারিয়ার পাথওয়ে এবং চ্যাম্পিয়ন থিম মিডল স্কুলে ভর্তির সুযোগ পাবে তাদের জন্য পরিবহন পরিষেবা থাকবে। অন্য সমস্ত স্কুল চয়েস প্রোগ্রাম পরিবহন পরিষেবা সরবরাহ করে না। **দ্রষ্টব্য:** অভিভাবক অনলাইনে একটি আসন গ্রহণ করলে, সিট প্লেসমেন্টের নোটিফিকেশন সহ পরিবহন তথ্য ইমেল করা হবে। শিক্ষার্থীকে অবশ্যই তার পছন্দের স্যাটেলাইট পিক-আপ অবস্থানে আসতে হবে এবং তারপর তাকে স্কুলে নিয়ে যাওয়া হবে ও স্কুল শেষের পরে একই স্থানে নামিয়ে দেওয়া হবে।

প্রত্যাহার

যেকোনো স্কুল চয়েস প্রোগ্রাম থেকে প্রত্যাহার করা হলে আসন হারাতে হবে।

বাসস্থানের প্রমাণপত্র

বর্তমানে একটি DeKalb কাউন্টি পাবলিক স্কুলে ভর্তি নয় এমন শিক্ষার্থীদের জন্য বসবাসের প্রমাণ প্রয়োজন। আপনার স্কুল চয়েস আবেদনটি সম্পূর্ণ করতে বসবাসের সঠিক প্রমাণ প্রয়োজন। গ্রহণযোগ্য ডকুমেন্টগুলো হলো গ্যাস, আলো, জল/পানি বা লিজ/মর্টগেজ স্টেটমেন্ট। ডকুমেন্টগুলো অনলাইন আবেদন আপলোড করতে হবে। যদি পিতামাতা বা আইনি অভিভাবকের কাছে উপরে তালিকাভুক্ত হিসাবে তাদের নামে বসবাসের ডকুমেন্টের প্রমাণ না থাকে, তাহলে DeKalb County School District Desident of Residence এর হলফনামা প্রয়োজন। আমাদের স্কুল চয়েস হোম পেজে ফরম/ব্রোশিওরে (Forms/Brochure) আপনি হলফনামা পেতে পারেন। হলফনামার পৃষ্ঠা 2-4 সঠিকভাবে পূরণ করতে হবে। মালিক/লিজধারীকে অবশ্যই পৃষ্ঠা 4 পূরণ করতে হবে, বসবাসের প্রমাণ এবং মালিক/লিজধারীর একটি ফটো আইডি প্রদান করতে হবে। আইনি অভিভাবক বা অভিভাবককে অবশ্যই হলফনামায় তালিকাভুক্ত ঠিকানায় একটি বিল বা অন্য বিজনেস মেল প্রদান করতে হবে।

স্কুলের আধিকারিকদের উপস্থিতিতে ফরমটিতে স্বাক্ষর করার প্রয়োজন হবে না কারণ এটি শুধুমাত্র একটি স্কুল চয়েস আবেদনের জন্য ব্যবহার করা হবে। এখানে হলফনামার ফরম পাবেন:
https://www.dekalbschoolsga.org/school-choice/forms-and-brochures/

দাবিত্যাগ

যদি এর শেষদিনটি এমন দিনে পড়ে যেখানে DCSD প্রশাসনিক অফিসগুলো বন্ধ তাহলে শেষ দিনের পরবর্তী ব্যবসায়িক দিবসকে শেষ দিন হিসেবে বিবেচনা করা হবে। ডিস্ট্রিক্টের কাছে প্রয়োজন অনুসারে সময় পরিবর্তন করার ক্ষমতা আছে। শেষ দিন মিস গেলে ব্যতিক্রম কোনো কিছু করা হবে না।

যেকোনো স্কুল চয়েস প্রোগ্রামের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অবশ্যই নির্বাচনের নোটিফিকেশন ইমেইল/চিঠি বা স্কুলের ওয়েবসাইটে নির্দেশিত তারিখের মধ্যে নির্ধারিত অনলাইন বা বিল্ডিংয়ে রেজিস্টার করতে হবে। আবেদনকারী রেজিস্টার না করলে, আসনটি প্রত্যাখ্যান করা হবে এবং ওয়েটিং লিস্টের পরবর্তী যোগ্য আবেদনকারীকে দেওয়া হবে। অনুগ্রহ করে স্কুলের অবস্থান এবং টেলিফোন নম্বরের জন্য পৃথক স্কুল/প্রোগ্রামের বিবরণ দেখুন। সমস্ত লটারির ফলাফল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম অফিস দ্বারা যাচাই সাপেক্ষ। লটারি সিস্টেমের কোনো ত্রুটির ফলে ড্র অবিলম্বে বাতিল হয়ে যাবে। যে কোনো সিস্টেম ত্রুটি বা মানবিক ত্রুটির ফলে লটারির ড্র বাতিল করার এবং পুনরাবৃত্তি করার অধিকার DeKalb County School District-এর আছে। অতিরিক্ত উপলভ্য আসনের জন্য বিকল্প লটারির তারিখ প্রয়োজন অনুযায়ী মে - আগস্টে অনলাইনে অনুষ্ঠিত হবে।

DeKalb County School District (DCSD) এই প্রকাশনার বিষয়ে যে কোনো বিবৃতি পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে রেখেছে, কিন্তু তা নিয়ম, নীতি, পদ্ধতি, প্রোগ্রামের নির্দেশ, তারিখ, পাঠ্যক্রম এবং কোর্সের অগ্রিম নোটিশ বা বাধ্যবাধকতায় সীমিত নয়। অপ্রত্যাশিত পরিস্থিতিতে শিক্ষার্থীদেরকে যে কোনো স্কুল চয়েস প্রোগ্রামে শিক্ষার্থীদের পাঠানোর অধিকার DCSD-এর আছে। এই তথ্যপত্রক পড়তে ব্যর্থ হলে এখানে উল্লিখিত বিধি ও আবশ্যকতা অজানা বলে শিক্ষার্থী ও পিতামাতারা অজুহাত দিতে পারবেন না। DeKalb কাউন্টির শিক্ষাপর্ষদের নীতি অনুসারে বয়স, লিঙ্গ, জাতি, বর্ণ, ধর্ম, জাতীয় উতস, অক্ষমতা বা প্রতিবন্ধীদের প্রতি শিক্ষাগত প্রোগ্রাম, কার্যকলাপ বা কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্য করা যাবে না। প্রোগ্রামের নির্দেশিকা, পদ্ধতি, পরিষেবা, পাঠ্যক্রম, শিক্ষার্থীর প্লেসমেন্ট অগ্রিম নোটিশ ও বাধ্যবাধকতায় স্থানীয়, স্টেট এবং ফেডারেল নিয়ম, বিধি ও নীতি সমর্থনে পরিবর্তন করার অধিকার DeKalb County School District স্কুল চয়েস প্রোগ্রাম অফিসের আছে। এই অনুচ্ছেদটি পড়তে ব্যর্থ হলে এই ওয়েবসাইট এবং DCSD স্কুল চয়েস ওয়েবপেজে বর্ণিত প্রবিধান এবং প্রয়োজনীয়তা বোঝেননি এমন অজুহাত অভিভাবক এবং শিক্ষার্থীরা দিতে পারবেন না।